



নিয়মিত ,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি জমা দান পদ্ধতি ফেনী পৌর এলাকার যে কোন সোনালী ব্যাংক থেকে অধ্যক্ষ ,ফেনী

সরকারী কলেজ এর নামে এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :- এখানে উল্লেখ্য যে , পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে, এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত পরিমাণ টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা অধ্যক্ষ ,ফেনী

সরকারী কলেজ এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।

## ১. আবেদন ফরম সংগ্রহ :

অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার আবেদন ফরম পীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা বিষয়ক  
ওয়েব সাইট : [www.nubd.info/honours](http://www.nubd.info/honours)

থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরম এর সাথে ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে।

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে IF গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০১৮ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবেন।
- ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সকল পরীক্ষার্থী অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০১৬ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৮ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

## বিভাগীয় প্রধানগণ :

পূরণকৃত আবেদন ফরমের পত্র, বিষয়কোড ,রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি যাচাই পূর্বক আবেদন ফরমে বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর আবশ্যিক। আবেদন ফরম জমা গ্রহণের পর কম্পিউটার ইনপুট করে পরীক্ষার্থীর নাম, রেজি : নং, বিষয় কোড যাচাই বাচাই করে কম্পিউটার বিবরণীতে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর বিবরণীতে কোন ভুলত্রুটির জন্য সংশ্লিষ্ট বিভাগ দায়ী থাকবে। ব্যাংক ড্রাফট করার ২ দিন পূর্বেই ( বিভাগীয় প্রধান স্বাক্ষরকৃত) বিবরণী কলেজ অফিসে জমা দিতে হবে।

  
অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ

ফেনী সরকারী কলেজ, ফেনী।

